

এবং 'কোন কোন মানুষ নয় মানুষ যারা ভুল করে' (O)।

• আরো একটি সমস্যামূলক দৃষ্টান্ত :

'একমাত্র শিশুরাই এই পদের যোগ্য নয়'— এর অর্থ হল, শিশুরা ছাড়া সবাই এই পদের যোগ্য। কিন্তু 'সোনাই একমাত্র দামী ধাতু নয়'— এই বাক্যের অর্থ নিশ্চয়ই এই নয় যে, সোনা ছাড়া সব ধাতুই দামী। বরং এর অর্থ হল, সোনা ছাড়াও দামী ধাতু আছে। সুতরাং, বাক্যটির যুক্তিবিজ্ঞানসম্মত রূপ হবে : 'সকল সোনা হয় দামী ধাতু' (A) এবং 'কোন কোন অ-সোনা হয় দামী ধাতু' (I)।

অনুশীলনী (Exercise)

নিম্নলিখিত বিবৃতিগুলিকে যুক্তিবিজ্ঞানসম্মত বচনে রূপান্তর কর এবং বল কোন্ বচনে কোন্ পদটি ব্যাপ্য এবং কোন্টি অব্যাপ্য :

- (১) গোলাপ ফুল সুগন্ধি।
- (২) পাতাবাহারের গন্ধ নেই।
- (৩) অনেক ভোগবিলাসে মত্ত ব্যক্তি শেষজীবনে অনুতাপ করেন।
- (৪) যারা তোমার পরিচিত তারা সবাই তোমার বন্ধু নয়।
- (৫) যদি এটা জাপানী কলম হয় তবে তা দাম দিয়ে কেনা সার্থক।
- (৬) যদি এটা বিশ্বস্ত দোকান না হয় তবে এখান থেকে জিনিষ কেনা উচিত নয়।
- (৭) কোন জিনিষ সস্তা এবং সুন্দর — উভয়ই হতে পারে না।
- (৮) অনেক জিনিষ সস্তা অথচ খাঁটি।
- (৯) পাখনায়ুক্ত কুমীর নেই।
- (১০) মানবদরদী ব্যবসায়ী আছে।
- (১১) একথা ঠিক নয় যে, অতিবৃষ্টি হলেই বন্যা হয়।
- (১২) যখনই প্রবাসী পুত্রের কথা মনে পড়ে তখনই ভদ্রলোক বিষণ্ণ হয়ে পড়েন।
- (১৩) সে কখনো সাইকেলে চড়ে কলেজে আসে না।
- (১৪) যখনই ইচ্ছা হয় তখনই আমি দেশভ্রমণে বেরিয়ে পড়ি।
- (১৫) পালবাবু এসপ্লানেডে গেলেই হোটেল খান।
- (১৬) বৃষ্টি হয়ে যাওয়ার ঠিক পরে কখনো বাসে ওঠা যায় না।
- (১৭) বিপদে পড়লেই মানুষ ঈশ্বরকে ডাকে।
- (১৮) কেবলমাত্র বেহিসাবী ব্যক্তিরাই মাসের শেষে টাকা ধার করে।
- (১৯) দামী বইগুলিকে কেবলমাত্র আলমারীতে রাখা যাবে।
- (২০) স্মৃতি সতত সুখের।
- (২১) সবকিছুই সোনা নয় যা চকচক করে।
- (২২) সভায় মহিলারা উপস্থিত আছেন।